

# His Highness Prince Faisal bin Farhan Al Saud, the Minister of Foreign Affairs of the Kingdom of Saudi Arabia calls on Prime Minister Shri Narendra Modi

September 20, 2021

## সৌদি আরবের যুবরাজ, বিদেশমন্ত্রী ফায়জাল বিন ফারহান আল সৌদ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করেছেন

সেপ্টেম্বর 20, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আজ সৌদি আরবের যুবরাজ, বিদেশমন্ত্রী ফায়জাল বিন ফারহান আল সৌদ সাক্ষাৎ করেছেন।

তাঁদের মধ্যে অনুষ্ঠিত বৈঠকে দুই দেশের কৌশলগত অংশীদারিত্ব পরিষদের কাজকর্ম সহ দ্বিপাক্ষিক বিভিন্ন উদ্যোগ নিয়ে পর্যালোচনা হয়েছে। জ্বালানী, তথ্য প্রযুক্তি ও প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে প্রধানমন্ত্রী, সৌদি আরবের থেকে আরো বেশি বিনিয়োগ আশা করেন।

বৈঠকে আফগানিস্তানের পরিস্থিতি সহ আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়ে তাঁরা মতবিনিময় করেছেন।

কোভিড – ১৯ মহামারীর সময়ে সৌদি আরবে বসবাসরত ভারতীয়দের যাতে কোন সমস্যা না হয়, তার জন্য সে দেশের প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ায় প্রধানমন্ত্রী সৌদি সরকারকে বিশেষ ধন্যবাদ জানিয়েছেন।

শ্রী মোদী, সৌদি বাদশা এবং যুবরাজকে তাঁর উষ্ণ অভিনন্দন ও শ্রদ্ধা জানিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 20, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.